



Sub: Bengali Text Work Sheet-1

Class: 6

Date: 14.11.2020

বিষয় : বিদূষক

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। 'বিদূষক' শব্দের অর্থ কি?
(ক) দুষ্ট শ্রেণীর মানুষ (খ) রাজার পরামর্শদাতা
(গ) ভাঁড়/রসিক সহচর (ঘ) গুপ্তচর
- ২। রবীন্দ্রনাথ ঠাকুর কত বঙ্গবন্দে জন্মগ্রহণ করেছিলেন?
(ক) ১২৬৮ সন (খ) ১২৬৯ সন
(গ) ১২৭০ সন (ঘ) ১২৭১ সন
- ৩। 'বিদূষক' গল্পে কোন রাজার কথা বলা হয়েছে?
(ক) অঙ্গদেশ (খ) বঙ্গদেশ
(গ) কলিঙ্গদেশ (ঘ) কাঞ্চী
- ৪। 'চন্দন' কি?
(ক) সুগন্ধী কাঠ (খ) সুগন্ধী তরল
(গ) খাদ্যদ্রব্য (ঘ) কোনটি নয়
- ৫। 'বলি' বলতে কি বোঝায়?
(ক) অনুষ্ঠান (খ) পূজো
(গ) প্রথা (ঘ) কোনটি নয়
- ৬। 'পূজো দিয়ে চলে আসছেন - গায়ে রক্তবস্ত্র' — 'রক্তবস্ত্র' বলতে বোঝায় —
(ক) রক্ত মাখা বস্ত্র (খ) রক্ত নির্মিত বস্ত্র
(গ) লাল রঙের বস্ত্র (ঘ) কোনটি নয়
- ৭। 'সঙ্গে কেবল _____ আর বিদূষক', শূন্যস্থানে বসবে —
(ক) সেনাপতি (খ) রাজপুত্র
(গ) দেহরক্ষী (ঘ) মন্ত্রী
- ৮। 'কর্ণাটের সঙ্গে কাঞ্চীর।' - বক্তা হল —
(ক) রাজা (খ) মন্ত্রী
(গ) ছেলেরা (ঘ) বিদূষক
- ৯। 'কর্ণাটের জিত, কাঞ্চীর হার' - কথাটা শুনে কে হেসেছিল?
(ক) রাজা (খ) মন্ত্রী
(গ) সেনাপতি (ঘ) বিদূষক
- ১০। কাদের কথা শুনে রাজার চোখ রক্তবর্ণ হল?
(ক) ছেলোদের (খ) মন্ত্রীর
(গ) বিদূষকের (ঘ) সেনাপতির

- ১১। 'এক একটা ছেলেকে গাছের সঙ্গে বাঁধো,' - বক্তা হল —
(ক) সেনাপতি (খ) মন্ত্রী
(গ) বিদূষক (ঘ) রাজা
- ১২। কোথা থেকে ছেলেদের বাবা মা ছুটে এলেন?
(ক) গ্রাম (খ) শহর
(গ) বাড়ি (ঘ) কাজের
- ১৩। 'এই গ্রামকে এমন শিক্ষা দেবে' — কোন গ্রাম?
(ক) কাঞ্চী (খ) কর্ণাট
(গ) অঙ্গ (ঘ) বঙ্গ
- ১৪। 'মহারাজের মান রক্ষা হল।' — কোন মহারাজের?
(ক) কাঞ্চীর (খ) কর্ণাটের
(গ) বঙ্গের (ঘ) কলিঙ্গের
- ১৫। 'মহারাজের সভায় থাকলে আমি হাসতে ভুলে যাব।' - বক্তা হল —
(ক) বিদূষক (খ) সেনাপতি
(গ) মন্ত্রী (ঘ) পুরোহিত

Amit Kundu
